

১০০০
২৪

এসএসসি পরীক্ষার পর লম্বা ছুটি শিক্ষার্থীদের জন্য আসছে পরামর্শক তথ্য মেলা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : এসএসসি পরীক্ষার পর লম্বা ছুটি কাজে লাগাতে শিক্ষার্থীদের জন্য ক'উসেলিং (পরামর্শ) আন্সের তথ্য মেলায় আয়োজন করেছে দেশের অন্যতম ভাষা শিক্ষাপ্রতিষ্ঠান সাইফুর'স। পরীক্ষার পরের সময়টা কিভাবে সবচেয়ে ভালভাবে কাজে লাগানো যায়, ক্যারিয়ারটা কেমন হওয়া উচিত, কোন ধরনের পড়াশোনা কারিয়ারের জন্য ভাল ইত্যাদি সব তথ্য দিয়ে সাজানো হয়েছে এই মেলা। আগামীকাল (মঙ্গলবার) সাইফুর'স-এর পুরনো ঢাকার শাখার মাধ্যমে মেলায় যাত্রা শুরু হবে। এরপর যথাক্রমে ১১ তারিখ

সিঙ্গেলুরী শাখা, ১২ তারিখ বনানী শাখা, ১৩ তারিখ পাহুপথ শাখা, ১৫ তারিখ লালমাটিয়া শাখা, ১৫ তারিখ উত্তরা শাখা, ১৬ তারিখ নারায়ণপুর শাখা এবং ১৮ তারিখ সিলেট শাখায় এ মেলা অনুষ্ঠিত হবে। প্রতিটি শাখায় সকাল ১০টায় শুরু হয়ে সন্ধ্যা ৭টা পর্যন্ত এ মেলা চলাবে। মেলায় রয়েছে সর্গশ্রী শাখাগুলোতে দিনব্যাপী ফ্রি ক'উসেলিং এবং সেমিনার। মেলায় অংশগ্রহণকারীদের জন্য রয়েছে বিভিন্ন কোর্সে আকর্ষণীয় ডিসকাউন্ট। মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য স্কলারশিপের ব্যবস্থাও রয়েছে মেলায়।

তথ্য মেলাকে সামনে রেখে -পাহুপথের আশিয়ানা হোটেল গভকাল (রোববার) এক সংবাদ সম্মেলনের আয়োজন করে সাইফুর'স। সংবাদ সম্মেলনে আয়োজকরা বলেন, এসএসসি পরীক্ষার পরের লম্বা ছুটিটা কিছু না করেই কাটিয়ে দেয়া হবে- সনাতন এ ধারণাটা আজকের যুগে একেবারেই অচল। বরং সকল সচেতন ছাত্র-ছাত্রীর উচিত পরীক্ষার পরের সময়টা এমনভাবে ব্যয় করা যা ভবিষ্যৎ জীবনে প্রতি পদে কাজে লাগে। আয়োজকরা বলেন, শুধু মূল শিক্ষার্থীদের জন্য নয়, সাংবাদিক ও মিডিয়া সর্গশ্রীদের জন্যও ফ্রি ভাষা শিক্ষা কোর্স চালুর সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে জানান আয়োজকরা। এছাড়া বিভিন্ন কর্পোরেট প্রতিষ্ঠান, পেশাজীবীদের জন্য ইতোমধ্যেই তারা ভাষা শিক্ষা কোর্সের আয়োজন করেছে। সংবাদ সম্মেলনে সাইফুর'স-এর জেনারেল ম্যানেজার মোঃ আশরাফ উদ্দিন জুয়েল ছাড়াও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
পাহুপথ : ৬৯/১, গ্রীনরোড, সুভাষ টাওয়ার (৪র্থ তলা) এই ঠিকানায় অথবা ফোন : ৮৬২৮৬২৪, ৮৬২৯৪৭১, ৯৬৭৭২৭৭, ০১৮৯২৮০৬৭৮ নাম্বারে যোগাযোগ করা হবে।